DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 07:18 PM

শিক্ষা

# টানা ৯ দিনের ছুটিতে যাচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৯ জুলাই ২০২৬, ১২:০২ PM




ছবি: সংগৃহীত

গ্রীষ্মকালীন ছুটি ও সাপ্তাহিক ছুটি মিলিয়ে টানা ৯ দিনের ছুটিতে যাচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়। আগামী ১০ জুলাই থেকে শুরু হওয়া এই ছুটির ফলে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম টানা ৯ দিন বন্ধ থাকবে। এর মধ্যে ১২ থেকে ১৬ জুলাই পর্যন্ত টানা পাঁচদিন সব প্রশাসনিক অফিস বন্ধ থাকবে।

বুধবার (৮ জুলাই) জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেন স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়েছে।

অফিস আদেশে বলা হয়েছে, ১২ জুলাই (রোববার) থেকে ১৬ জুলাই (বৃহস্পতিবার) পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের সব প্রশাসনিক অফিস বন্ধ থাকবে। এ সময় সংশ্লিষ্ট সবাইকে বিষয়টি অবহিত করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও আঞ্চলিক কেন্দ্রগুলোতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।

এর আগে ১০ ও ১১ জুলাই (শুক্র ও শনিবার) সরকারি সাপ্তাহিক ছুটির কারণে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম বন্ধ থাকবে। আবার গ্রীষ্মকালীন ছুটি শেষে ১৭ ও ১৮ জুলাই (শুক্র ও শনিবার) সাপ্তাহিক ছুটি পড়ায় পুরো বিরতি টানা প্রায় ৯ দিনে গিয়ে দাঁড়াবে।

তবে এই সময় প্রশাসনিক কার্যক্রম বন্ধ থাকলেও একাডেমিক কার্যক্রম, পরীক্ষা বা অন্যান্য শিক্ষা-সংক্রান্ত কার্যক্রম পরিচালনা নিয়ে বিজ্ঞপ্তিতে আলাদা কোনো নির্দেশনা দেওয়া হয়নি। ফলে এসব বিষয়ে আগের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম চলবে কিনা, সে বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ থেকে নতুন করে কিছু জানানো হয়নি।

---

## এ বিভাগের আরও খবর



**এইচএসসি পরীক্ষার্থীদের সুখবর দিলেন শিক্ষামন্ত্রী**

প্রতিকূল আবহাওয়া বা অনিবার্য কারণে যারা কোনো বিষয়ে এইচএসসি পরীক্ষা দিতে পারেননি তারা চট্টগ্রাম বোর্ডের সঙ্গে অভিন্ন প্রশ্নপত্রে একই তারিখে...




**দেশের সকল মাদ্রাসায় ৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবস পালনের নির্দেশ**

দেশের সকল স্তরের মাদ্রাসায় আগামী ৫ আগস্ট □জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬□-এর কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় পালনের নির্দেশ দিয়েছে বাংলাদেশ মাদ্রাস...



**পরীক্ষা শেষে সায়েন্স ল্যাব মোড় অবরোধ পরীক্ষার্থীদের**

শিক্ষামন্ত্রীর পদত্যাগসহ তিন দফা দাবিতে দ্বিতীয় দিনের মতো রাজধানীর সায়েন্স ল্যাবরেটরি মোড় অবরোধ করেছেন এইচএসসি পরীক্ষার্থীরা। পূর্বঘোষিত কর্...




**জাতীয় বিশ্ববিদ্যালয়ের দুই পরীক্ষা পেছাল**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের আগামী ১৬ জুলাই অনুষ্ঠিতব্য দুটি পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত সূচি অনুযায়ী ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/education/tana-9-diner-chhutite-jachchhe-jatiy-bishbbidjaly